দৈনিক
ইত্তেফাক

তারিখ : 22 MAR 2015
পৃষ্ঠা ৬ কলাম ১

# নিয়োগ বোর্ডে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক মনোনীত প্রতিনিধি প্রসঙ্গে

বেসরকারি ডিগ্রি কলেজের অধ্যক্ষ নিয়োগে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্বাচনী বোর্ডটি ৫ সদস্য বিশিষ্ট। পদাধিকার বলে সংশ্লিষ্ট কলেজের গভর্নিং বডির সভাপতি এবং ভারপ্রাপ্ত অধ্যক্ষ যথাক্রমে বোর্ডের সভাপতি ও সদস্য সচিবের দায়িত্ব পালন করেন। বাকি ৩ জনের একজন গভর্নিং বডির সর্বোচ্চ ডিগ্রিধারী বিদ্যোৎসাহী সদস্য। অন্য দু'জন প্রভাবশালী সদস্য হলেন ডিজি মহোদয়ের প্রতিনিধি এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি। ডিজি মহোদয়ের প্রতিনিধিও নির্ধারিত থাকেন অর্থাৎ সংশ্লিষ্ট কলেজের নিকটস্থ সরকারি কলেজের অধ্যক্ষ আর সংশ্লিষ্ট কলেজের আবেদনের প্রেক্ষিতে জাতীয় বিশ্ববিদ্যালয় অধ্যাপক পদমর্যাদার একজনকে প্রতিনিধি হিসাবে মনোনয়ন দেন। সম্প্রতি দু'টি কলেজের অধ্যক্ষ নিয়োগের ক্ষেত্রে দেখলাম দক্ষিণাঞ্চলের নাম করা একটি কলেজে অধ্যক্ষকে জাতীয় বিশ্ববিদ্যালয় তাদের প্রতিনিধি হিসেবে মনোনয়ন দিয়েছে। যিনি একটি কলেজের নিকটস্থ সরকারি কলেজ হওয়ার সুবাদে একই সঙ্গে ডিজি মহোদয়ের প্রতিনিধি হিসেবেও দায়িত্ব পালন করেন। নামকরা কলেজের এ অধ্যক্ষ সাহেবের নিরপেক্ষতা নিয়ে প্রশ্ন দীর্ঘদিনের। দু'টি কলেজের নিয়োগ পরীক্ষা শুরুর আগেই দেখা গেছে কে অধ্যক্ষ হচ্ছেন তাঁর নাম প্রকাশ ও প্রচার হয়ে গেছে। যোগ্য প্রার্থীদের স্বার্থে এ অবস্থার অবসান হওয়া দরকার।

মাহবুব আহমেদ
দক্ষিণ তারাবুনিয়া, রাজাপুর, ঝালকাঠী